প্রতিবন্ধী শিক্ষার্থী

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন আমাদের ১.১ মিলিয়ন শিক্ষার্থীর সবাইকে, হোক প্রতিবন্ধী বা অপ্রতিবন্ধী, উচ্চ পর্যায়ের জ্ঞান এবং দক্ষতার ক্রমবর্ধমান চাহিদার এই বিশ্বে, সফল, পরিপূর্ণ, এবং কর্মক্ষম জীবনের সর্বোত্তম সুযোগ প্রদান করতে চায়।

বিশেষ শিক্ষার ক্ষেত্রে কী ঘটছে সে-সম্পর্কে আমরা পরিবারকে অবহিত রাখতে চাই, এবং সে-উদ্দেশ্যে আমরা কিছু প্রশ্ন এবং উত্তর সন্নিবেশিত করেছি, যেগুলো আপনার উদ্বেগ নিরসন করবে বলে আমাদের প্রত্যাশা। আমরা সেগুলোকেই নির্বাচন করেছি, যেগুলো আপনারা চেয়েছিলেন এবং আমরা চাই আমাদের ছেলেমেয়েদের প্রয়োজনকে সর্বাগ্রে বিবেচনা করে ভালো ভালো স্কুল নির্মাণ করতে, যাতে আমাদের শিক্ষার্থী ও পরিবারগুলোর *সবাইকে* পরিষেবা দেয়া সম্ভব হয়।

প্রশ্ন. *প্রতিবন্ধী শিক্ষার্থী অথবা প্রতিবন্ধী বলে সন্দেহ করা হচ্ছে এমন শিক্ষার্থীদেরকে কীভাবে মূল্যায়ন করা হয়?*

উত্তর. পাবলিক স্কুলের শিক্ষার্থীরা মূল্যায়ন পরিষেবা পেয়ে থাকে এবং তাদের স্কুলে তাদের জন্য আইইপি (ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম, ব্যক্তিক শিক্ষা কর্মসূচি) সভা হয়ে থাকে। সেখানে, যে-সকল কর্মী শিশুটিকে চেনে-জানে এবং শিশুকে পরিষেবা দেয়ার কথা, তারা প্রক্রিয়ায় পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারেন। নন-পাবলিক স্কুল এবং চার্টার স্কুলের শিক্ষার্থীরা সিএসই (কমিটি অন স্পেশাল এডুকেশন, বিশেষ শিক্ষা কমিটি) অফিসের মূল্যায়ন পরিষেবা পেয়ে থাকে। সিএসই অফিসগুলো ইনটিগ্রেটেড সার্ভিস সেন্টার (আইএসসি)-এর কাছে রিপোর্ট করে থাকে।

প্রশ্ন. *কীভাবে বিশেষ শিক্ষা পরিষেবা দেয়া হয়?*

উত্তর. তিনটি সংগঠনের মাধ্যমে বিশেষ শিক্ষা পরিষেবা দেয়ার জন্য স্কুলগুলোকে সহায়তা করা হয়।

ইন্টিগ্রেটেড সার্ভিস সেন্টার (সমন্বিত পরিষেবা কেন্দ্র, আইএসসি)
প্রতিটি বরোতে একটি ইন্টিগ্রেটেড সার্ভিস সেন্টার (আইএসসি) রয়েছে, এটি সকল স্কুলকে একের ভেতরে সবধরনের বাধ্যতামূলক এবং কার্যকর পরিষেবা সহায়তা দিয়ে থাকে যেগুলোর সাথে সম্পর্কিত ক্ষেত্রগুলো হলো: মানব সম্পদ, পে-রোল, বাজেট ও ক্রয়, পরিবহন, খাদ্য পরিষেবা, সুযোগ-সুবিধা, অনুদান ব্যবস্থাপনা, প্রযুক্তি, স্বাস্থ্য ও নিরাপত্তা, শিক্ষার্থীর বহিষ্কার, যুব উন্নয়ন এবং বিশেষ শিক্ষার কিছু উপাদান। প্রতিটি আইএসসি-তে একজন বিশেষ শিক্ষা পরিষেবার সহকারী নির্বাহী পরিচালক রয়েছেন এবং সেখানে নিযুক্ত রয়েছেন আমাদের শ্রেষ্ঠ কর্মীদল, সবচেয়ে অভিজ্ঞ ব্যবস্থাপক, বিশিষ্ট শিক্ষাবিদ এবং বিশ্লেষক, যারা বিশেষ শিক্ষার কর্মী নিয়োগ, পরিষেবার ঠিকাদার নিয়োগ এবং পাবলিক স্কুলগামী শিক্ষার্থীদের জন্য ডিওই'র বাইরের স্বতন্ত্র প্রোভাইডারদের সেবা গ্রহণ ও অনুমোদন-ইত্যাদির মাধ্যমে প্রক্রিয়াটিকে গতিশীল করবেন। ব্যতিক্রম হচ্ছে ডিস্ট্রিক্ট ৭৫-এর কর্মসূচিগুলোতে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা। ডিস্ট্রিক্ট ৭৫ তার স্কুলগুলোর জন্য এই বাধ্যতামূলক পরিষেবাগুলো দিয়ে থাকে।

বিশেষ শিক্ষা কমিটিতে (কমিটি অন স্পেশাল এডুকেশন, সিএসই) অভিজ্ঞ ব্যবস্থাপক এবং বিশেষ শিক্ষার কর্মীরা নিয়োজিত রয়েছেন, যারা বেসরকারি ও স্বায়ত্বশাসিত (চার্টার) স্কুলের শিক্ষার্থীদের জন্য ডিওই-বহির্ভূত স্বতন্ত্র প্রোভাইডারদের চুক্তিভিত্তিক নিয়োগ ও অনুমোদন সহ, বিশেষ শিক্ষা পরিষেবার ব্যবস্থা করে থাকেন।

প্রতিটি আইএসসি-তে একটি আইইপি (ব্যক্তিক শিক্ষা কর্মসূচি) বিশেষজ্ঞ ইউনিটও রয়েছে যা সার্বিক ব্যবস্থার উন্নতমান নিশ্চিত করে এবং পুরো ব্যবস্থা জুড়ে আইইপি উন্নয়নের ক্ষেত্রে সঙ্গতিপূর্ণ প্রমিতমানের প্রয়োগ কার্যকর রাখে। উচ্চতর পর্যায়ের পরিষেবা বিশেষজ্ঞ দল তৈরির জন্য এবং পরিষেবার মান উন্নয়নের জন্য স্কুল মনোবিদ্ এবং বাক্ (স্পিচ)-শিক্ষকদের সুপারভাইজার এবং অকুপেশনাল ও ফিজিক্যাল থেরাপির অনেক সুপারভাইজার আইএসসি-তে কর্মরত রয়েছেন।

শিক্ষার্থী ভর্তি অফিস
শিক্ষার্থী ভর্তি বিভাগের কেন্দ্রীয় অফিস পুরো সিটিজুড়ে সকল গ্রেডের শিক্ষার্থীদের আসন বন্টন, ভর্তি, জোনিং, এবং কর্মসূচি বাছায়ের ক্ষেত্রে সহায়তা করে থাকে। এছাড়াও তাদের বর্তমান স্কুলে এই পরিষেবাগুলো দেয়া সম্ভব না হলে তারা বিশেষ শিক্ষা পরিষেবার জন্য সুপারিশ করা হয়েছে এমন শিক্ষার্থীকে সহযোগিতামূলক দলগত শিক্ষায় এবং বিশেষ শিক্ষার শ্রেণিতে স্থান করে দেয়। সেইসাথে ডিস্ট্রিক্ট ৭৫-এর কর্মসূচির চাহিদা রয়েছে এমন শিক্ষার্থীদেরকে চিহ্নিত করা এবং আসনের ব্যবস্থা করে দেয়ার জন্য শিক্ষার্থী ভর্তি অফিস ডিস্ট্রিক্ট ৭৫-এর সঙ্গে কাজ করে থাকে।

স্কুল সহায়তা সংগঠন (স্কুল সাপোর্ট অর্গানাইজেশন, এসএসও)
সকল প্রিন্সিপ্যাল, তাদের স্কুল লিডারশিপ টিমের সাথে পরামর্শক্রমে একটি স্কুল সহয়তা সংগঠন (এসএসও) বেছে নেন যা প্রতিবন্ধী শিক্ষার্থীসহ তাদের শিক্ষার্থীদের জন্য পাঠক্রম সংশ্লিষ্ট ও শিক্ষানির্দেশনামূলক সহায়তা প্রদান করে। কিছু কিছু এসএসও মূলত নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের কর্মী নিয়ে গঠিত ও পরিচালিত হয় এবং অন্যগুলি কলেজ, ইউনিভার্সিটি এবং অন্যান্য অ-লাভজনক (নন-প্রফিট) সংস্থা যা সবচেয়ে ভালো দিতে পারে, তার প্রতিনিধিত্ব করে। স্কুল, তাদের শিক্ষক এবং শিক্ষার্থীদের প্রয়োজন অনুযায়ী সহায়তা দিতে পারে এমন এসএসও বেছে নেয়। এতে সিদ্ধান্ড়গ্রহণ প্রক্রিয়া স্কুলেই থেকে যায় এবং একই ধরনের চাহিদাযুক্ত স্কুলগুলোর জন্য, সর্বোত্তম শিক্ষা নির্দেশনামূলক অনুশীলন ভাগাভাগি ও অনুকরণ করা সম্ভব হয়।

প্রশ্ন. *বিশেষ শিক্ষার শিক্ষানির্দেশনা ও পরিষেবার উন্নয়ন অব্যাহত রাখার জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন কী করছে?*

উত্তর. পিতামাতাদের পক্ষ থেকে একটি প্রমিতমান অর্টন-গিলিংহ্যাম ভিত্তিক পাঠ কর্মসূচি দাবির পরিপ্রেক্ষিতে, আমাদের এখন 'উইলসন রিডিং সিস্টেম'-এ প্রশিক্ষিত ৫,০০০ এরও বেশি শিক্ষক রয়েছেন, যা মূল পাঠক্রমের একটি গুর"ত্বপূর্ণ অংশ হিশেবে চাল" থাকবে।

ডিওই নির্বাচিত মিড্‌ল্ ও হাই স্কুলে 'স্পেশাল এডুকেশন লিড টিচার' নামক দিশারি প্রকল্প চালু করেছে। এই কর্মসূচির উদ্দেশ্য হচ্ছে স্কুলে একটি উদ্বুদ্ধকরণমূলক সম্পর্ক লালন করা এবং শিক্ষানির্দেশনার উন্নতির জন্য অভিজ্ঞ বিশেষ-শিক্ষার শিক্ষকদের দক্ষতা ও যোগ্যতাকে কাজে লাগানো। স্পেশাল এডুকেশন লিড টিচার শিক্ষার্থীদের প্রতিদিন তিনটি করে ক্লাস করাবেন এবং এরপর প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য সর্বোত্তম শিক্ষা-নির্দেশনার অনুশীলন সম্পর্কে পেশাগত উন্নয়নের উপর তিনটি ক্লাস নেবেন।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে এবং স্কুলগুলোতে সরাসরি মঞ্জুরি দেয়ার পরিকল্পনার মাধ্যমে সমন্বিত পরিষেবা সম্প্রসারণ অব্যাহত থাকবে, বিশেষ করে হাই স্কুল পর্যায়ে এটাই ঘটবে, যাতে নতুন অন্ড়র্ভুক্তিমূলক কর্মসূচি তৈরি করা যায় এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিষেবা দেয়ার সবচেয়ে ভালো অনুশীলনের পুনারাবৃত্তি ঘটানো যায়।

টিচিং অ্যান্ড লার্নিং অফিসের ডেপুটি চ্যান্সেলর প্রমিতমান কর্মসূচি হুবহু চালু করে এবং কলেজ, ইউনিভার্সিটি ও অন্যান্য অংশীদারদের সহযোগিতায় দিশারী প্রকল্প প্রণয়ন করে বিশেষ শিক্ষার শিক্ষানির্দেশনার উপর দৃষ্টি নিবদ্ধ রাখবে। প্রাতিষ্ঠানিক বিষয়বস্তুর ক্ষেত্রে কঠোর শিক্ষানির্দেশনার ব্যবস্থা করা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে কার্যকরভাবে মিড্‌ল্ ও হাই স্কুলে স্থানান্ড়র করার উপর বিশেষ মনোযোগ দেয়া হবে। সেইসাথে, স্পেশাল এডুকেশন ইনিশিয়েটিভের টিচিং অ্যান্ড লার্নিং কেন্দ্রীয় অফিস বিশেষ শিক্ষা পরিষেবার স্কুলগুলোকে কারিগরি সহায়তা ও সমর্থন দিয়ে থাকে। প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে পরিষেবা প্রদানে স্কুলগুলোর সক্ষমতা গঠন অব্যাহত রাখার জন্য বিশেষ শিক্ষার জ্যেষ্ঠ কর্মী নিয়োগ করে এই সহায়তাকে শক্তিশালী করা হয়েছে।

প্রশ্ন. *প্রতিবন্ধী শিক্ষার্থীদের নৈপুণ্যের জন্য দায়বদ্ধতা বাড়াতে ডিপার্টমেন্ট কী করেছে?*

উত্তর. 'শিশুরাই প্রথম' সংস্কারের একটি গুর"ত্বপূর্ণ উপাদান হলো স্কুল পর্যায়ে দায়বদ্ধতা বৃদ্ধি করা। স্কুলের কার্যসম্পাদনা পর্যবেক্ষণ করে, উত্তম কার্যসম্পাদনার জন্য নতুন উৎসাহমূলক পদক্ষেপ সৃষ্টি করে, এবং দায়বদ্ধতার উদ্যোগের অংশ হিশেবে যে স্কুল তার লক্ষমাত্রা পূরণে ব্যর্থ হয় তার পরিণাম সরাসরি সে স্কুলকেই দিয়ে, আমরা বিশেষ শিক্ষা পরিষেবা প্রদানের মান উন্নত করছি। সন্ড়ানের কার্যসম্পাদনা ও স্কুলের পরিবেশ উভয়টি সম্পর্কে আপনারা যে তথ্য লাভ করেন, সেটির গুণগত মানও আমরা উন্নত করছি।

বিশেষ শিক্ষা পরিষেবা প্রদানের প্রতিবেদন

আপনার সন্ড়ানের স্কুল আবশ্যিক বিশেষ শিক্ষা পরিষেবা দিচ্ছে কি না, তা জানা আপনাদের জন্য কতটা গুর"ত্বপূর্ণ সেই বিষয়ে পিতামাতারা আমাদেরকে বলেছেন। পিতামাতাদেরকে অবহিত রাখার জন্য, আমরা একটি ওয়েব-ভিত্তিক বিশেষ শিক্ষা পরিষেবা প্রদানের প্রতিবেদন তৈরি করেছি যা বিশেষ শিক্ষার মূল্যায়ন ও পরিষেবা প্রদানের সময়োপোযোগিতা নির্দেশ করে। এই প্রতিবেদনটি প্রতিটি স্কুলের ওয়েবসাইটে পরিসংখ্যান বিভাগে আছে। অন্যান্য দায়বদ্ধতার পরিমাপকের ভেতরে আছে:

প্রগ্রেস রিপোর্ট যা প্রতিটি স্কুলকে A, B, C, D, অথবা F দিয়ে মান প্রদান করে। যে-সমস্ড় স্কুল A পাবে সেগুলো পুরস্কারের যোগ্য হবে, যেগুলো অকৃতকার্য হবে, সেগুলোকে পরিণাম ভোগ করতে হবে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের অগ্রগতির উপর বিশেষ জোর দেয়া হয়।

মান নিরীক্ষণ (কোয়ালিটি রিভিউ) হচ্ছে অভিজ্ঞ শিক্ষাবিদ দ্বারা ২-৩ দিনের জন্য স্কুল পরিদর্শন, যারা পিতামাতা, শিক্ষার্থী ও কর্মীদের সঙ্গে কথা বলেন, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ করেন; এবং সকল শিক্ষার্থীর উন্নতির জন্য স্কুল কীভাবে উপাত্ত ব্যবহার করে এবং লক্ষ্য নির্ধারণ করে, তা পর্যালোচনা করেন। স্কুলগুলো একটি সার্বিক গুণগত নাম্বার পায়, যেটি অগ্রগতির প্রতিবেদনে উল্লেখ করা হয়। পুরো মান নিরীক্ষণ প্রতিবেদনটি অনলাইনে আছে:

www.nyc.gov/schools ওয়েবসাইটে যান। ওয়েবসাইটে গিয়ে **FIND A SCHOOL**-এ স্কুলের কোড অথবা নাম দিন এবং **GO**-তে ক্লিক করুন - এটি আপনাকে স্কুলের ওয়েব পেজ-এ নিয়ে যাবে। **About Us**-এর আওতায় **Statistics**-এ ক্লিক করুন (পাতার বাম দিকে একটি লিংক)। স্ক্রল করে **Quality Review Report** এ নেমে আসুন।

পর্যাবৃত্ত মূল্যায়ন (পিরিয়ডিক অ্যাসেসমেন্ট) হচ্ছে, শ্রেণিকক্ষস্থিত মূল্যায়ন যেটিতে শিক্ষার্থীরা অংশগ্রহণ করে এবং শিক্ষার্থীরা কোন্ ধারণা ও দক্ষতা বুঝে সেটা বের করতে শিক্ষককে সাহায্য করে। শিক্ষক এ তথ্য ব্যবহার করে জানতে পারেন যে, কোন্ ছেলেমেয়ের জন্য কোন্ বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে।

প্রশ্ন. ডিওই কীভাবে পিতামাতাকে মূল তথ্যগুলো দেয়?

উত্তর. যে সকল পিতামাতার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা সম্পর্কে প্রশ্ন বা উদ্বেগ আছে, তারা সরাসরি স্কুলে যেতে পারেন এবং পরবর্তীতে প্রয়োজনবোধে তাদের কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের সুপারিনটেনডেন্ট-এর অফিসে, একজন পিতামাতা-প্রতিনিধির কাছে যেতে পারেন। কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের পিতামাতা-প্রতিনিধিদের সিটিভিত্তিক ডাইরেক্টরি পাওয়া যায়। উপরন্তু, সকল প্যারেন্ট কো-অর্ডিনেটর এবং শিশুরাই প্রথম সংস্কারের ফলে সৃষ্ট পদের অন্যান্য পারিবারিক সহায়তা কর্মী বিশেষ শিক্ষা পদ্ধতি ও প্রক্রিয়ার উপর প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

আমাদের মাঠপর্যায়ের কর্মীরা যাতে সময়মত এবং কার্যকরভাবে প্রশ্ন এবং উদ্বেগের উত্তর উপযুক্ত তথ্যসহ দিতে পারেন, তার নিশ্চয়তার জন্য, বিশেষ শিক্ষা উদ্যোগের কেন্দ্রীয় অফিস একটি ডিওই 'স্পেশাল এডুকেশন স্টাফ কল সেন্টার' স্থাপন করছে, যাতে প্রিন্সিপ্যাল, প্যারেন্ট কোর্ডিনেটর এবং অন্যান্য স্কুল কর্মীরা একটি নাম্বারে ফোন করে পরিবারের পক্ষ থেকে করা প্রশ্নের সঠিক উত্তর জেনে, দ্রুততার সাথে পিতামাতাদেরকে জবাব দিতে পারেন। সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা সম্পর্কে যে সব পিতামাতার উদ্বেগ আছে এবং স্কুল বা ডিস্ট্রিক্ট পর্যায়ে সমস্যাটির নিরসন হয়নি তারা 311 নম্বরে ফোন করতে পারেন এবং বিশেষ শিক্ষার কল সেন্টারে কলটি ট্রান্সফার করার অনুরোধ করতে পারেন।

বিশেষ শিক্ষা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ডিপার্টমেন্টের ওয়েবসাইট দেখুন এই ঠিকানায়:
http://www.nyc.gov/schools/Academics/SpecialEducation/